গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়
সেতু বিভাগ
প্রশাসন শাখা
সেতুভবন, বনানী, ঢাকা-১২১২
www.bridgesdivision.gov.bd

স্মারক নং ৫০.০০.০০০০.২০১.৩৪.০১৯.১৫- ৫২

তারিখ : ১১ মাঘ ১৪২৩
২৪ জানুয়ারি ২০১৭

বিষয় : সেতু বিভাগের ২০১৭ সালের বাৎসরিক উদ্ভাবন কর্মপরিকল্পনা প্রেরণ

সূত্র : মন্ত্রিপরিষদ বিভাগের ই-গভর্নেন্স শাখার স্মারক নং ০৪.০০.০০০০.৮৩১.৪৫.০০১.১৫.০৪
তারিখ: ০৩/০১/২০১৭

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে সেতু বিভাগের ২০১৭ সালের বাৎসরিক উদ্ভাবন কর্মপরিকল্পনা সেতু বিভাগের মাসিক সমন্বয় সভার অনুমোদন গ্রহণপূর্বক নির্দেশক্রমে প্রেরণ করা হলো।

সংযুক্তি: ০৪ পৃষ্ঠা

24/01/2017
(মাহমুদ ইবনে কাসেম)
সিনিয়র সহকারী সচিব
☏৫৫০৪০৩২০ 🖷 ৫৫০৪০৪৪৪
✉ikmahmood@yahoo.com

মন্ত্রিপরিষদ সচিব
মন্ত্রিপরিষদ বিভাগ
বাংলাদেশ সচিবালয়
ঢাকা।

দৃঃ আঃ : জনাব মোঃ শাহগীর আলম, সিনিয়র সহকারী সচিব, ই-গভর্নেন্স শাখা

সেতু বিভাগ

সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়

# 'বাৎসরিক উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০১৭'

| ক্রমিক নম্বর | বিষয় | প্রস্তাবিত বিষয় (গৃহীতব্য কাজের নাম) | বাস্তবায়নকাল | | দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা | প্রত্যাশিত ফলাফল (কাজটি সম্পন্ন হলে গুণগত বা পরিমাণগত কী পরিবর্তন আসবে) | পরিমাপ (প্রত্যাশিত ফলাফল তৈরী হয়েছে কি না তা পরিমাপের মানদন্ড) |
|---|---|---|---|---|---|---|---|
| | | | শুরুর তারিখ | সমাপ্তির তারিখ | | | |
| ০১. | **নিজ অফিসের সেবা সহজীকরণ অথবা সেবায় ইনোভেশন** | সেবা গ্রহীতার সংখ্যা বিবেচনা করে ১টি গুরুত্বপূর্ণ সেবা সহজীকরণের জন্য অগ্রাধিকার ভিত্তিতে চিহ্নিতকরণ | ০১ ফেব্রুয়ারি ২০১৭ | ২৮ ফেব্রুয়ারি ২০১৭ | জনাব হাবিবুর রহমান, যুগ্মসচিব (প্রশাসন) | সহজীকরণের জন্য সেতু বিভাগের ১টি গুরুত্বপূর্ণ সেবা অগ্রাধিকার ভিত্তিতে চিহ্নিত | অগ্রাধিকার ভিত্তিতে চিহ্নিত ১টি সেবার উল্লেখসহ ইনোভেশন টিমের কার্যবিবরণী এবং মন্ত্রী/সচিবের অনুমোদন গ্রহণ সংক্রান্ত দলিল (প্রযোজ্য ক্ষেত্রে) |
| ০২. | | অগ্রাধিকার ভিত্তিতে চিহ্নিত সেবাটি অধিকতর সহজ উপায়ে প্রদান করার পন্থা বা প্রক্রিয়া উদ্ভাবন এবং প্রযোজ্য ক্ষেত্রে সংশ্লিষ্ট আইন বা বিধি পর্যালোচনাপূর্বক প্রয়োজনীয় সংশোধনীর সুপারিশ প্রণয়নের জন্য কমিটি গঠন | ০১ মার্চ ২০১৭ | ১৫ মার্চ ২০১৭ | জনাব হাবিবুর রহমান, যুগ্মসচিব (প্রশাসন) | প্রয়োজনীয় সংশোধনের সুপারিশ প্রণয়ন করার জন্য কমিটি গঠন সম্পন্ন | কমিটি গঠন সংক্রান্ত ইনোভেশন টিমের কার্যবিবরণী এবং মন্ত্রী/ সচিবের অনুমোদন গ্রহণ সংক্রান্ত দলিল (প্রযোজ্য ক্ষেত্রে) |
| ০৩. | | কমিটির সিদ্ধান্ত বাস্তবায়নের জন্য ও নতুন পদ্ধতিতে পরীক্ষামূলক সীমিত পরিসরে প্রথম সেবাটির প্রদান শুরু করা | ০১ জুলাই ২০১৭ | ৩১ আগস্ট ২০১৭ | জনাব হাবিবুর রহমান, যুগ্মসচিব (প্রশাসন) | পরীক্ষামূলক সেবা প্রদান শুরু | পরীক্ষামূলক সেবা প্রদান শুরুর সঙ্গে সংশ্লিষ্ট প্রয়োজনীয় কাগজপত্র |
| ০৪. | | অর্জিত অভিজ্ঞতার আলোকে প্রয়োজনীয় সংশোধন ও পরিমার্জনসহ নতুন পদ্ধতিতে বৃহত্তর পরিসরে প্রথম সেবাটি প্রদান শুরু | ০১ সেপ্টেম্বর ২০১৭ | - | জনাব হাবিবুর রহমান, যুগ্মসচিব (প্রশাসন) | নতুন পদ্ধতিতে সেবা প্রদান শুরু | নতুন পদ্ধতিতে সেবা প্রদান শুরুর সঙ্গে সংশ্লিষ্ট প্রয়োজনীয় কাগজপত্র |

| ক্রমিক নম্বর | বিষয় | প্রস্তাবিত বিষয় (গৃহীতব্য কাজের নাম) | বাস্তবায়নকাল | | দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা | প্রত্যাশিত ফলাফল (কাজটি সম্পন্ন হলে গুণগত বা পরিমাণগত কী পরিবর্তন আসবে) | পরিমাপ (প্রত্যাশিত ফলাফল তৈরী হয়েছে কি না তা পরিমাপের মানদন্ড) |
|---|---|---|---|---|---|---|---|
| | | | শুরুর তারিখ | সমাপ্তির তারিখ | | | |
| ০৫. | আইডিয়া ম্যানেজমেন্ট ও স্কেলআপ | প্রতিমাসে ইনোভেশন টিমের সভায় আইডিয়া বক্স এবং অনলাইনে প্রাপ্ত আইডিয়াসমূহ যাচাই ও বাছাই করা | প্রতি মাসের ১৫ তারিখ | প্রতি মাসের ২৫ তারিখ | জনাব হাবিবুর রহমান, যুগ্মসচিব (প্রশাসন) | যাচাই-বাছাইকৃত আইডিয়া | যাচাই-বাছাই সংক্রান্ত কার্যবিবরণী |
| ০৬. | | প্রতি মাসে বাছাই করে প্রাপ্ত আইডিয়াসমূহ বাস্তবায়ন করার প্রয়োজনীয় অনুমোদন গ্রহণ ও বাস্তবায়ন | পরবর্তী মাসের ৫ তারিখ | পরবর্তী মাসের ১৫ তারিখ | জনাব হাবিবুর রহমান, যুগ্মসচিব (প্রশাসন) | অনুমোদিত ও বাস্তবায়িত আইডিয়া | অনুমোদন ও বাস্তবায়ন সংক্রান্ত ডকুমেন্ট |
| ০৭. | | সেতু বিভাগ ও বাংলাদেশ সেতু কর্তৃপক্ষের কর্মকর্তাগণ কর্তৃক বাস্তবায়িত আইডিয়া পর্যালোচনার পর সারাদেশে বাস্তবায়ন করা (scale up) (প্রযোজ্য ক্ষেত্রে) | - | - | জনাব হাবিবুর রহমান, যুগ্মসচিব (প্রশাসন) | সারাদেশে বাস্তবায়িত আইডিয়া (প্রযোজ্য ক্ষেত্রে) | সারাদেশে আইডিয়া বাস্তবায়ন সংক্রান্ত ডকুমেন্ট |
| ০৮. | অধঃস্তন অফিসের ইনোভেশন কার্যক্রম তদারকি | সেতু বিভাগের অধীনস্থ বাংলাদেশ সেতু কর্তৃপক্ষের ইনোভেশন টিম সক্রিয় করা এবং প্রতিমাসে ইনোভেশন টিমের সভা অনুষ্ঠান নিশ্চিত করা | ০১ জানুয়ারি ২০১৭ | প্রতিমাসে নিয়মিত ভাবে | জনাব হাবিবুর রহমান, যুগ্মসচিব (প্রশাসন) | সেতু বিভাগের অধীনস্থ দপ্তরের ইনোভেশন টিমসমূহের সভা অনুষ্ঠিত | বাংলাদেশ সেতু কর্তৃপক্ষের ইনোভেশন টিমের অনুষ্ঠিত সভার কার্যবিবরণী |
| ০৯. | | সেতু বিভাগের অধীনস্থ বাংলাদেশ সেতু কর্তৃপক্ষের ইনোভেশন সংক্রান্ত বার্ষিক কর্মপরিকল্পনা প্রণয়ন নিশ্চিত করা, কর্মপরিকল্পনা পর্যালোচনা করা এবং প্রয়োজনীয় পরামর্শ প্রদান করা। | ০১ ফেব্রুয়ারি ২০১৭ | ২৯ ফেব্রুয়ারি ২০১৭ | জনাব মীর নাহিদ আহসান, উপপরিচালক (প্রশাসন) | বাংলাদেশ সেতু কর্তৃপক্ষের কর্মপরিকল্পনা প্রণীত | বাংলাদেশ সেতু কর্তৃপক্ষ কর্তৃক প্রণীত কর্মপরিকল্পনা |

| ক্রমিক নম্বর | বিষয় | প্রস্তাবিত বিষয় (গৃহীতব্য কাজের নাম) | বাস্তবায়নকাল | | দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা | প্রত্যাশিত ফলাফল (কাজটি সম্পন্ন হলে গুণগত বা পরিমাণগত কী পরিবর্তন আসবে) | পরিমাপ (প্রত্যাশিত ফলাফল তৈরী হয়েছে কি না তা পরিমাপের মানদন্ড) |
|---|---|---|---|---|---|---|---|
| | | | শুরুর তারিখ | সমাপ্তির তারিখ | | | |
| ১০. | **প্রশিক্ষণ** | সেতু বিভাগ ও বাংলাদেশ সেতু কর্তৃপক্ষের ৩০ জন কর্মকর্তা ও কর্মচারীর জন্য সমন্বিতভাবে ইনোভেশন সংক্রান্ত প্রশিক্ষণের আয়োজন করা | | নিয়মিত প্রশিক্ষণ কর্মসূচির সাথে সমন্বয় করে | জনাব মীর নাহিদ আহসান, উপপরিচালক (প্রশাসন) | ৩০ জন কর্মকর্তা ও কর্মচারীদের জন্য ইনোভেশন সংক্রান্ত প্রশিক্ষণ সম্পন্ন | ইনোভেশন সংক্রান্ত প্রশিক্ষণ সম্পন্নকারী ৩০ জন কর্মকর্তা ও কর্মচারীর তালিকা |
| ১১. | **ইনোভেটরদের আর্থিক সহায়তা প্রদান** | বিভাগের আওতাধীন সংস্থার কর্মকর্তাগণের উদ্ভাবনী উদ্যোগ বাস্তবায়নে সহায়তা প্রদান করার জন্য সহায়তা ফান্ড গঠন করা | ০১ ফেব্রুয়ারি ২০১৭ | ৩১ মার্চ ২০১৭ | জনাব মোঃ সামসুজ্জামান যুগ্মসচিব ও পরিচালক (অর্থ) | সহায়তা করার জন্য সহায়তা ফান্ড গঠন সম্পন্ন | সহায়তা প্রদান করার জন্য সহায়তা প্রদান ফান্ড গঠন সংক্রান্ত দলিল |
| ১২. | **পুরস্কার প্রদান** | বিভাগ ও এর আওতাধীন অধিদপ্তরে কর্মরত আইডিয়া প্রদানকারী সেরা কর্মকর্তা-কর্মচারীদের মধ্যে পুরস্কার প্রদান | ০১ ডিসেম্বর ২০১৭ | ৩০ ডিসেম্বর ২০১৭ | জনাব মীর নাহিদ আহসান, উপপরিচালক (প্রশাসন) | পুরস্কার প্রদান সম্পন্ন | পুরস্কার প্রদান করার জন্য প্রয়োজনীয় অফিস আদেশ বা দলিল |
| ১৩. | **পার্টনারশিপ ও নেটওয়ার্কিং** | সেবা পদ্ধতি সহজীকরণ, ই-ফাইলিং, ইনোভেশন ইত্যাদি বিষয়ে প্রশিক্ষণ প্রদানের জন্য এটুআই ও সংশ্লিষ্ট অন্যান্য প্রতিষ্ঠান/অংশীজন এর সাথে নিবিড় যোগাযোগ প্রতিষ্ঠা করা | | নিয়মিত | জনাব মাহমুদ ইবনে কাসেম, সিনিয়র সহকারী সচিব | এটুআই ও সংশ্লিষ্ট অন্যান্য প্রতিষ্ঠান/অংশীজন এর সাথে নিবিড় যোগাযোগ প্রতিষ্ঠা | এটুআই ও সংশ্লিষ্ট অন্যান্য প্রতিষ্ঠান/অংশীজন এর সাথে নিবিড় যোগাযোগ সংক্রান্ত ডকুমেন্ট |
| ১৪. | **সোশ্যাল মিডিয়ার ব্যবহার** | সেবায় উদ্ভাবন প্রক্রিয়ার বিষয়ে মতামত গ্রহণের জন্য ই-মেইল ব্যবহারের পাশাপাশি অন্যান্য সামাজিক মাধ্যমের ব্যবহার বৃদ্ধি করা। | | নিয়মিত | জনাব তনুশ্রী সাহা, প্রোগ্রামার | সামাজিক মাধ্যমে (যেমন-ফেসবুক) এ সেতু বিভাগের পেইজ এর সক্রিয় ও নিয়মিত ব্যবহার | সংশ্লিষ্ট পেইজ লিঙ্ক |

| ক্রমিক নম্বর | বিষয় | প্রস্তাবিত বিষয় (গৃহীতব্য কাজের নাম) | বাস্তবায়নকাল | | দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা | প্রত্যাশিত ফলাফল (কাজটি সম্পন্ন হলে গুণগত বা পরিমাণগত কী পরিবর্তন আসবে) | পরিমাপ (প্রত্যাশিত ফলাফল তৈরী হয়েছে কি না তা পরিমাপের মানদন্ড) |
|---|---|---|---|---|---|---|---|
| | | | শুরুর তারিখ | সমাপ্তির তারিখ | | | |
| ১৫. | **প্রকাশনা ও ডকুমেন্ট** | সেতু বিভাগ ও বাংলাদেশ সেতু কর্তৃপক্ষ হতে প্রাপ্ত আইডিয়াসমূহ সংরক্ষণ করা এবং প্রতি ৪ মাস অন্তর অন্তর ইনোভেশন সংক্রান্ত নিউজ লেটার প্রকাশ করা, সংশ্লিষ্টদের নিকট ই-মেইলে প্রেরণ করা এবং সংরক্ষণ করা ও ওয়েবসাইটে প্রকাশ করা | | নিয়মিত ভাবে | জনাব ভরত চন্দ্র মন্ডল, সহকারী পরিচালক ও পিআরও | ডকুমেন্ট প্রকাশিত হওয়া | প্রকাশিত ডকুমেন্ট |
| ১৬. | **ই-ফাইল ব্যবস্থা প্রবর্তন** | Access to Information (A2I) Programme -কর্তৃক উন্নয়নকৃত ই-ফাইলিং কার্যক্রম বৃদ্ধি করা | | নিয়মিত ভাবে | জনাব মাহমুদ ইবনে কাসেম, সিনিয়র সহকারী সচিব | ই-ফাইলিং সিস্টেমের কার্যকর ব্যবহার | ই-ফাইলিং সিস্টেমের মাধ্যমে অধিক নথি নিষ্পত্তি |

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়
সেতু বিভাগ
প্রশাসন শাখা
সেতুভবন, বনানী, ঢাকা-১২১২
www.bridgesdivision.gov.bd

| |
|---|
| সচিব (সমন্বয় ও সংস্কার) এর দপ্তর মন্ত্রিপরিষদ বিভাগ |
| অতিরিক্ত সচিব (সংস্কার) |
| অতিরিক্ত সচিব (সমন্বয়) |
| একান্ত সচিব |
| |
| ব্যক্তিগত কর্মকর্তা |
| ডায়েরী নং ২২০৫ |
| তারিখ |
| স্বাক্ষর |

স্মারক নং ৫০.০০.০০০০.২০১.৩৪.০১৯.১৫-১১৯

তারিখ: ১৭ ফাল্গুন ১৪২৩
০১ মার্চ ২০১৭

বিষয় : সেতু বিভাগের ২০১৬ সালের উদ্ভাবন-সংক্রান্ত বাৎসরিক প্রতিবেদন প্রেরণ

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে সেতু বিভাগের ২০১৬ সালের উদ্ভাবন-সংক্রান্ত বাৎসরিক প্রতিবেদন নির্দেশক্রমে প্রেরণ করা হলো।

সংযুক্তি: ০১টি বুকলেট

০১/০৩/২০১৭
(মাহমুদ ইবনে কাসেম)
সিনিয়র সহকারী সচিব
☎৫৫০৪০৩২০ 🖷 ৫৫০৪০৪৪৪
✉ikmahmood@yahoo.com

সিনিয়র সচিব/সচিব
মন্ত্রিপরিষদ বিভাগ (সমন্বয় ও সংস্কার)
বাংলাদেশ সচিবালয়
ঢাকা।

| |
|---|
| মন্ত্রিপরিষদ বিভাগ |
| অতিরিক্ত সচিবের দপ্তর (সংস্কার: অনু:) |
| যুগ্মসচিব (ই-গভর্নেন্স) |
| উপসচিব (সুশা: ও অভি: প্রতি: ব্যবস্থা:) |
| উপসচিব (প্রসংস্কার ও কর্ম সম্পা:ব্যবস্থা: |
| উপসচিব (কর্মসম্পাদন ব্যবস্থাপনা) |
| ব্যক্তিগত কর্মকর্তা |
| ডায়েরি নম্বরঃ |
| তারিখঃ |
| স্বাক্ষরঃ |



বাংলাদেশ সচিবালয়, ঢাকা
মন্ত্রিপরিষদ বিভাগ
গ্রহন ও প্রেরণ ইউনিট
নিবন্ধন নং ৫০৭
তারিখ ০২/০৩/১৭

মন্ত্রিপরিষদ বিভাগ
ই-গভর্নেন্স শাখা
ডাইরী নম্বর- ৬০৯
তারিখ: ১৫/৩/১৭

# সেতু বিভাগ

## সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়

## উদ্ভাবন-সংক্রান্ত বাৎসরিক প্রতিবেদন ২০১৬

নদীমাতৃক বাংলাদেশে আর্থ-সামাজিক উন্নয়নে সুষ্ঠু ও সমন্বিত যাতায়াত ব্যবস্থা গড়ে তোলার বিকল্প নেই। এই বিষয়টির গুরুত্ব অনুধাবন করেই বৃহৎ সেতু, এক্সপ্রেসওয়ে, টানেল, ইত্যাদি নির্মাণ, রক্ষণাবেক্ষণ ও পরিচালনার দায়িত্ব দিয়ে ২০০৮ সালের ৩১ মার্চ তৎকালীন যোগাযোগ মন্ত্রণালয়ের অধীনে সেতু বিভাগ নামে আলাদা একটি বিভাগ সৃষ্টি করা হয়। ঢাকার বনানীস্থ সেতু ভবনে এর কার্যালয় অবস্থিত। সেতু বিভাগের অনুমোদিত জনবলের সংখ্যা ৩০। বাংলাদেশ সেতু কর্তৃপক্ষ সেতু বিভাগের অধীনস্থ একটি সংস্থা।

### ভিশনঃ

দেশব্যাপী নিরবচ্ছিন্ন সড়ক যোগাযোগ নেটওয়ার্ক।

### মিশনঃ

১৫০০ মিটার ও তদূর্ধ্ব দৈর্ঘ্যের সেতু, উড়াল সেতু, এক্সপ্রেসওয়ে, টানেল ইত্যাদি নির্মাণ ও রক্ষণাবেক্ষণের মাধ্যমে সর্বসাধারণের আর্থ-সামাজিক অবস্থার উন্নয়ন।

### বিভাগের কৌশলগত উদ্দেশ্যসমূহঃ

১. সমন্বিত ও নিরবচ্ছিন্ন সড়ক যোগাযোগ ব্যবস্থা নিশ্চিতকরণে সহায়তা করা;
২. সড়ক পরিবহন ব্যবস্থা দ্রুততরকরণে সহায়তা করা ও
৩. বড় বড় শহরের যানজট হ্রাসকরণে সহায়তা করা।

### বিভাগের উল্লেখযোগ্য কার্যাবলীঃ


- ১৫০০ মিটার বা তদূর্ধ্ব দৈর্ঘ্যের সেতু, টোল সড়ক, ফ্লাইওভার, টানেল, এক্সপ্রেসওয়ে, কজওয়ে, লিংক রোড ইত্যাদি নির্মাণের পরিকল্পনা গ্রহণ, বাস্তবায়ন, মনিটরিং এবং মূল্যায়ন;
- বৃহৎ সেতু ও অন্যান্য অবকাঠামো পরিচালনা এবং রক্ষণাবেক্ষণ;
- বৃহৎ সেতু, টোল সড়ক, টানেল ইত্যাদি ব্যবহারকারী যানবাহনসমূহের টোল নির্ধারণ;
- বৃহৎ সেতু এবং অন্যান্য অবকাঠামোর নিয়ন্ত্রণাধীন এলাকার নিরাপত্তা বিধান।

সেতু বিভাগ এবং এর অধীনস্থ সংস্থা বাংলাদেশ সেতু কর্তৃপক্ষের সকল উদ্ভাবনী কর্মকান্ডও মূলতঃ এসকল কার্যাবলীকে কেন্দ্র করে আবর্তিত হয়। সেতু বিভাগ ও বাংলাদেশ সেতু কর্তৃপক্ষের ২০১৬ সালের উল্লেখযোগ্য উদ্ভাবনী কার্যক্রমের একটি বিবরণী উপস্থাপন করা হলো।



# ফাইল ট্র্যাকিং সিস্টেম

জনসাধারণকে সেবা প্রদানের জন্য বাংলাদেশ সেতু কর্তৃপক্ষের কর্মকর্তা-কর্মচারীগণ সর্বদা সচেষ্ট থাকেন। তবে অনেক সময় নথিপত্র সঠিক ডেস্কে সঠিক সময়ে পৌঁছায় না। ফলে অনাকাঙ্খিত বিলম্ব ঘটে থাকে। অনেক ক্ষেত্রে ফাইল misplaced হয়। তখন ফাইলটি খুঁজতে গিয়েও সময়ের অপচয় হয়। ফাইল যাতে সহজেই খুঁজে পাওয়া যায় এবং সঠিক সময়ে সঠিক ডেস্কে পৌঁছে এজন্য একটি Flie Tracking System-এর উদ্ভাবন করা হয়েছে। এই সিস্টেমটি বাংলাদেশ সেতু কর্তৃপক্ষের সেবা প্রদান প্রক্রিয়াকে সহজতর করেছে এবং নথির গতিবিধি ভালভাবে পর্যবেক্ষণ করা সম্ভব হচ্ছে।



## ইলেকট্রনিক এ্যাক্সেস কন্ট্রোল সিস্টেম (Electronic Access Control System)


নিউ এয়ারপোর্ট রোডের সেতু ভবনে অবস্থিত সেতু বিভাগ, বাংলাদেশ সেতু কর্তৃপক্ষ এবং এর অধীনস্থ বিভিন্ন প্রকল্প অফিসের নিরাপত্তাকল্পে এই ভবনের প্রবেশ পথে Electronic Access Control System স্থাপন করা হয়েছে। সেতু ভবনস্থ বিভিন্ন অফিসে কর্মরত কর্মকর্তা-কর্মচারীদের Smart ID Card প্রদান করা হয়েছে। এই আইডি কার্ড ব্যবহার করেই তারা ভবনে প্রবেশ করে থাকেন। কার্ডের পরিবর্তে পাসওয়ার্ড ব্যবহারেরও সুযোগ রয়েছে। তাছাড়া, এই ব্যবস্থায় biometric পদ্ধতিতে finger print ব্যবহার করেও সেতু ভবনে প্রবেশের অপশন রয়েছে। দর্শনার্থীগণ রিসেপশন হতে সরবরাহকৃত ভিজিটরস্ কার্ড ব্যবহার করে ভিতরে প্রবেশ করতে পারেন। Electronic Access Control System প্রবর্তনের ফলে এই ভবনে কর্মরত এমপ্লয়িজ এবং আগত দর্শনার্থীদের (যাদের মধ্যে বিদেশী নাগরিকও রয়েছেন) নিরাপত্তা নিশ্চিত করা সম্ভব হচ্ছে। নিরাপত্তার পাশাপাশি কর্মকর্তা-কর্মচারীদের নির্ধারিত সময়ে অফিসে উপস্থিতির বিষয়টিও মনিটর করা সম্ভব হচ্ছে।





## কিক্-অফ মিটিং

বাংলাদেশ সেতু কর্তৃপক্ষের প্রশাসন উইং-এ কর্ম দিবসের শুরুতে (সকাল ০৯:১০ মি. - ০৯:২০ বা নিকটবর্তী সময়ে) সংক্ষিপ্ত সময়ের জন্য সংশ্লিষ্ট সকল কর্মকর্তা এবং key-staff-দের নিয়ে 'কিক্-অফ মিটিং'এর প্রবর্তন করা হয়েছে। এই সভায় দিনের কর্মসূচীর prioritization-এর মাধ্যমে কাজের গতি বৃদ্ধি করা সম্ভব হচ্ছে। সংশ্লিষ্ট সকলে এই সভায় উপস্থিত থাকায় সমন্বয়ও বৃদ্ধি পাচ্ছে এবং অগ্রাধিকার তালিকাভুক্ত কার্যসমূহ সহজে ও সুষ্ঠুভাবে সম্পন্ন করা সম্ভব হচ্ছে।



## অনলাইন প্রবেশ পাশ

সেতু বিভাগ, বাংলাদেশ সেতু কর্তৃপক্ষ এবং এর অধীনস্থ বিভিন্ন প্রকল্প অফিসে দর্শনার্থীদের প্রবেশ নিয়ন্ত্রণ এবং নিরাপত্তার স্বার্থে online entry pass ইস্যুর ব্যবস্থা করা হয়েছে। এই ব্যবস্থায় অনুমোদিত কর্মকর্তাগণ দাপ্তরিক বা ব্যক্তিগত প্রয়োজনে সেতু ভবনে আগমনেচ্ছু ব্যক্তিদের নামে অনলাইন পাশ ইস্যু করে থাকেন।

## বঙ্গবন্ধু সেতুর অটোমেটিক টোল কালেকশন সিস্টেম

যমুনা নদীর উপর নির্মিত বাংলাদেশের সর্ববৃহৎ বঙ্গবন্ধু সেতুর টোল আদায় কার্যক্রম সম্পূর্ণ স্বয়ংক্রিয়। IRD INC. নামক একটি প্রতিষ্ঠানের মাধ্যমে ২০০৫ সালে এই automatic toll collection system স্থাপন করা হয়। বঙ্গবন্ধু সেতুতে প্রতিনিয়ত যানবাহনের পরিমাণ বৃদ্ধি পাচ্ছে। বিদ্যমান টোল আদায় পদ্ধতির মাধ্যমে ভবিষ্যৎ চাহিদা মেটানো কষ্টসাধ্য হবে। এ বিষয়টি বিবেচনায় নিয়ে বঙ্গবন্ধু সেতুতে আধুনিক প্রযুক্তিগত সুবিধাসহ Automatic vehicle classification বা AVC পদ্ধতি চালু করা হয়েছে। ফলে স্বয়ংক্রিয় পদ্ধতিতেই যানবাহনের শ্রেণীবিন্যাস ও টোল নির্ধারণ করা সম্ভব হচ্ছে। এছাড়া, টোল আদায়ে অনেক কম সময় প্রয়োজন হওয়ায় জনসাধারণ উপকৃত হচ্ছে। বঙ্গবন্ধু সেতু দিয়ে চলাচলকারী যানবাহনসমূহের ওজন নিয়ন্ত্রণে আধুনিক প্রযুক্তির সুবিধাসহ সেতুর উভয় প্রান্তে ওজন স্টেশন স্থাপন করা হয়েছে।




Screen-shot of Automatic Toll Collection System



## বঙ্গবন্ধু বহুমুখী সেতুর টোল আদায় ব্যবস্থার দূর পরিবীক্ষণ

বঙ্গবন্ধু সেতুর টোল কালেকশন সিস্টেম ঢাকাস্থ বাংলাদেশ সেতু কর্তৃপক্ষের প্রধান কার্যালয় হতে পরিবীক্ষণ করার জন্য একটি Remote Monitoring System রয়েছে। টোল সংক্রান্ত যাবতীয় তথ্য ও রিপোর্ট সংরক্ষণ এবং বঙ্গবন্ধু সেতু দিয়ে যানবাহন চলাচল সরাসরি পর্যবেক্ষণের জন্য অপটিক্যাল ফাইবার নেটওয়ার্কের মাধ্যমে একটি রিমোট মনিটরিং সিস্টেম গড়ে তোলা হয়েছে। এর মাধ্যমে ঢাকাস্থ প্রধান কার্যালয় হতে বঙ্গবন্ধু সেতুর টোল কালেকশন এবং টোল এলাকার যানবাহন পরিস্থিতি পরিবীক্ষণ করা সম্ভব হচ্ছে। টোল সংক্রান্ত এবং ওজন স্টেশনের যাবতীয় তথ্য স্থানীয়ভাবে local server-এ সংরক্ষণ ছাড়াও অতিরিক্ত back up হিসেবে সেতু ভবনস্থ central server-এ সংরক্ষণ করা হচ্ছে। ফলে কোনওভাবে local storage ক্ষতিগ্রস্ত হলেও বাংলাদেশ সেতু কর্তৃপক্ষের স্টোরেজে তা সংরক্ষিত থাকবে এবং data recover করা সম্ভব হবে।




## ৬ষ্ঠ বাংলাদেশ-চীন মৈত্রী (মুক্তারপুর) সেতুর ডিজিটাল টোল কালেকশন সিস্টেম

৬ষ্ঠ বাংলাদেশ-চীন মৈত্রী (মুক্তারপুর) সেতুর টোল আদায় পদ্ধতি বাংলাদেশের প্রেক্ষাপটে একটি অনন্য ব্যবস্থা। একটি Real-time Digital Toll Collection System-এর মাধ্যমে এই সেতুর টোল আদায় কার্যক্রম পরিচালিত হয়। যানবাহন সেতু পারাপারের জন্য টোল প্লাজায় উপস্থিত হলে প্রথমে যানবাহনের রেজিস্ট্রেশন নম্বরটি সিস্টেমে এন্ট্রি দেয়া হয়। এই সিস্টেমটি সরাসরি বিআরটিএ-এর database-এর সাথে সংযুক্ত থাকায় যানবাহনটির প্রকৃত শ্রেণীসহ বিস্তারিত তথ্য সিস্টেমে প্রদর্শিত হয়। সিস্টেমে প্রদর্শিত শ্রেণী এবং তথ্য অনুযায়ী যানবাহনটির টোলের হার নির্ধারিত হয় এবং সে অনুযায়ী টোল আদায় করা হয়। টোল পরিশোধিত হলে সিস্টেম স্বয়ংক্রিয়ভাবেই সম্মুখের প্রতিবন্ধকটি সরিয়ে যানবাহটিকে সেতু পারাপারের জন্য যেতে দেয়। সম্পূর্ণ প্রক্রিয়াটি সম্পন্ন হতে মাত্র ১২ সেকেন্ড সময় প্রয়োজন হয়।


পরিশোধিত টোলের পরিমাণসহ টোল আদায় সংক্রান্ত সকল তথ্য সিস্টেমে সংরক্ষিত হয়। টোলের অর্থ নির্দিষ্ট ব্যাংকে জমা করা হয়। টোল আদায়ের মোট পরিমাণ, কোন শ্রেণীর যানবাহন হতে কি পরিমাণ টোল আদায় হয়েছে ইত্যাদি তথ্য তাৎক্ষণিকভাবে সিস্টেমে প্রদর্শিত হয়। টোল আদায় প্রক্রিয়া, টোলের অর্থ জমা সংক্রান্ত সকল তথ্য, টোল প্লাজা এলাকার ভিডিও চিত্র বনানীস্থ বাংলাদেশ সেতু কর্তৃপক্ষের সদর দপ্তর হতে VPN-এর মাধ্যমে সরাসরি মনিটর করা হয়।


ইতোপূর্বে ইজারাদারের মাধ্যমে ম্যানুয়াল পদ্ধতিতে টোল আদায়কালে যানবাহনের প্রকৃত শ্রেণী, টোলের প্রকৃত পরিমাণ ইত্যাদি নিয়ে ইজারাদারের সাথে সেতু ব্যবহারকারীর প্রায়শই বিতর্কের সৃষ্টি হতো। এতে যেমন টোল আদায় কার্যক্রমে বিঘ্ন ঘটতো তেমনি সেবা গ্রহীতাদেরও সময়ের অপচয় হতো। তাছাড়া, ম্যানুয়াল পদ্ধতিতে টোল আদায়েও অপেক্ষাকৃত বেশী সময় প্রয়োজন হতো। বর্তমান সিস্টেম ব্যবহারের ফলে যেমন toll transaction-এ সময় কম লাগছে, তেমনি টোল আদায় কার্যক্রমও সুষ্ঠুভাবে এবং স্বচ্ছতার সাথে সম্পন্ন হচ্ছে। ফলে সেবাদাতা এবং সেবা গ্রহীতা উভয়েই উপকৃত হচ্ছে। তাছাড়া, সরাসরি বিআরটিএ-এর ডাটাবেইজের তথ্য ব্যবহার করায় যানবাহনের প্রকৃত শ্রেণী নিয়ে বিতর্কেরও কোন অবকাশ থাকছে না।



## অভিযোগ প্রতিকার ব্যবস্থা

সেবা প্রত্যাশী জনসাধারণ যাতে সহজেই তাদের অভিযোগ বা মতামত সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে জানাতে পারে এজন্য সেতু বিভাগ এবং এর অধীনস্থ সংস্থা বাংলাদেশ সেতু কর্তৃপক্ষের ওয়েবসাইটে একটি অনলাইন Grievance Redress System (GRS) সংযোজন করা হয়েছে। জনসাধারণ অনলাইনে খুব সহজেই এর মাধ্যমে তাদের অভিযোগ/ মতামত/ পরামর্শ জানাতে পারছে।





নিবন্ধন ফর্ম

অভিযোগকারীর নাম*

পিতা/মাতা/স্বামীর নাম*

যোগাযোগের ঠিকানা*

মোবাইল* +88

ই-মেইল

লগ-ইন আইডি*

পাসওয়ার্ড*

পাসওয়ার্ড নিশ্চিতকরণ*


অভিযোগকারীর ছবি Browse...

রিসেট

ব্যবহারকারী এই সিস্টেমে লগ-ইন করে রেজিস্ট্রেশনের মাধ্যমে তার অভিযোগ বা পরামর্শ জানাতে পারবেন। রেজিস্ট্রেশনের সময় ই-মেইল এ্যাড্রেস বা মোবাইল ফোন নম্বর দিয়ে থাকলে স্বয়ংক্রিয়ভাবে তার ই-মেইল এ্যাড্রেস এবং মোবাইল ফোনে সফলভাবে অভিযোগ/পরামর্শ দাখিল সংক্রান্ত একটি মেসেজ পৌঁছে যাবে। তেমনি পরবর্তীতে তার দাখিলকৃত অভিযোগ কর্তৃপক্ষের নিকট নিষ্পত্তির কোন পর্যায়ে রয়েছেন তাও দেখতে পারবেন। কর্তৃপক্ষ কর্তৃক অভিযোগটি নিষ্পত্তি হওয়ার পর তিনি আরেকটি মেসেজ পাবেন।

## শেয়ার ফোল্ডার

বিভিন্ন ধরণের ডকুমেন্টের soft copy সহজে আদান-প্রদানের লক্ষ্যে সেতু বিভাগের LAN server-এ একটি share folder সৃজন করা হয়েছে। এই ফোল্ডারে বিভিন্ন উইং এর নামে পৃথক ফোল্ডার রয়েছে। প্রয়োজনীয় সকল ডকুমেন্ট এবং খসড়া এসব ফোল্ডারে প্রয়োজনানুসারে সংরক্ষণ করা হয়। কর্মকর্তা-কর্মচারীগণ সহজেই তাদের প্রয়োজনীয় ডকুমেন্ট এই ফোল্ডারের মাধ্যমে শেয়ার করতে পারেন। নিয়মিত সভার নোটিশ, কার্যপত্র, কার্যবিবরণী, প্রতিবেদন এই ফোল্ডারের মাধ্যমে শেয়ার করা হয়। এতে কাগজ ও প্রিন্টিং এর কালিরও সাশ্রয় হচ্ছে।



## ইউজড্ পেপার রিসাইক্লিং বক্স

অনেক সময় আমরা কাগজের কেবলমাত্র একটি পৃষ্ঠাই ব্যবহার করে থাকি। ফলে অন্য পৃষ্ঠাটি অব্যবহৃত থেকে যায়। কাগজের সর্বোচ্চ ব্যবহার নিশ্চিতকল্পে সেতু বিভাগে 'ইউজ্ড পেপার রিসাইক্লিং বক্স' প্রবর্তন করা হয়েছে। কেবলমাত্র একটি পৃষ্ঠা ব্যবহার করা হয়েছে এমন কাগজগুলো এই বক্সে জমা রাখা হয়। খসড়া প্রিন্টিং এবং অন্যান্য কাজে এই বক্সের কাগজ ব্যবহার করা হয়। ব্যবহারের সুবিধার্থে সেতু ভবনের প্রতিটি ফ্লোরে central LAN printer এর কাছে এই 'ইউজ্ড পেপার রিসাইক্লিং বক্স' গুলো স্থাপন করা হয়েছে। এতে করে যেমন কাগজের সর্বোচ্চ ব্যবহার নিশ্চিত করা সম্ভব হচ্ছে তেমনি কাগজের ব্যবহারও হ্রাস পেয়েছে।

## ই-জিপি

টেন্ডার প্রক্রিয়ার নানা ধরণের প্রতিবন্ধকতা দূর করার জন্য সেতু বিভাগের অধীনস্থ সংস্থা বাংলাদেশ সেতু কর্তৃপক্ষ-এ ই-টেন্ডার পদ্ধতি চালু করা হয়েছে। এর ফলে টেন্ডারারগণ নির্বিঘ্নে এবং সহজে টেন্ডার প্রক্রিয়ায় অংশগ্রহণ করতে পারছেন।


## ডিজিটাল আর্কাইভ

ডিজিটাল আর্কাইভিং এর মাধ্যমে তথ্যাদি সংরক্ষণের উদ্যোগ গ্রহণ করা হয়েছে। এর অংশ হিসেবে বঙ্গবন্ধু সেতুর নির্মাণ কৌশল এবং বিভিন্ন ডকুমেন্ট ও তথ্যাদির সঙ্কলন নিয়ে একটি ডিজিটাল আর্কাইভ স্থাপন করা হয়েছে। পদ্মা সেতু নির্মাণে সংক্রান্ত অনুরূপ ডিজিটাল আর্কাইভ স্থাপনের কার্যক্রম চলমান আছে।

## ই-ফাইল ব্যবস্থাপনা

রূপকল্প ২০২১ অনুসারে ডিজিটাল বাংলাদেশ বিনির্মাণের লক্ষ্যে প্রধানমন্ত্রীর কার্যালয়ের Access to Information (A2I) Programme কর্তৃক বাস্তবায়নাধীন ই-ফাইলিং কার্যক্রমে সেতু বিভাগ সক্রিয়ভাবে সংযুক্ত রয়েছে। সেতু বিভাগের বিভিন্ন পর্যায়ের কর্মকর্তাগণ এ বিষয়ে প্রধানমন্ত্রীর কার্যালয়ে প্রশিক্ষণ গ্রহণ করেছেন। সেতু বিভাগ এবং বাংলাদেশ সেতু কর্তৃপক্ষের সকল পর্যায়ের কর্মকর্তা-কর্মচারীকে ই-ফাইলিং বিষয়ে অভ্যন্তরীণ প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। সেতু বিভাগে ই-ফাইলিং কার্যক্রম পরিচালনার জন্য একটি ফ্রন্ট ডেস্ক স্থাপন করা হয়েছে। সেতু বিভাগের অধিকাংশ নথি ই-ফাইল ব্যবস্থার মাধ্যমে নিষ্পত্তি করা হচ্ছে।





## HRM Software

সেতু বিভাগ ও বাংলাদেশ সেতু কর্তৃপক্ষের কর্মকর্তা-কর্মচারীগণের তথ্য সংরক্ষণের জন্য একটি Human Resource Management Software রয়েছে। এতে সকল কর্মকর্তা-কর্মচারীর তথ্য পর্যায়ক্রমে এই সিস্টেমে সংরক্ষণ করা হচ্ছে। এতে খুব সহজেই কর্মকর্তা-কর্মচারীগণের তথ্য পৃথকভাবে এবং রিপোর্ট আকারে পাওয়া যায়।

## অফিস অটোমেশন

অফিস অটোমেশনের অংশ এবং কাগজের ব্যবহার হ্রাসের উদ্যোগ হিসেবে সেতু বিভাগ এবং বাংলাদেশ সেতু কর্তৃপক্ষ কর্তৃক Client Server-based Integrated System এর Accounting System, Provident Fund Management System, Payroll System, Store Management System, Vehicle Management System এবং Asset Management System মডিউল ব্যবহার করা হচ্ছে। ডিজিটাল পদ্ধতিতে তথ্য সংরক্ষণ করায় যেমন কাগজের ব্যবহার হ্রাস পেয়েছে, তেমনি সহজেই প্রয়োজনীয় তথ্য দ্রুত খুঁজে পাওয়া সম্ভব হচ্ছে।

## আইডিয়া বক্স

সেতু বিভাগ এবং বাংলাদেশ সেতু কর্তৃপক্ষের কর্মকর্তা-কর্মচারীগণ যাতে নির্দ্বিধায় তাদের ইনোভেটিভ আইডিয়া কর্তৃপক্ষের সাথে শেয়ার করতে পারেন এজন্য সেতু ভবনের বিভিন্ন ফ্লোরে 'আইডিয়া বক্স' স্থাপন করা হয়েছে। কর্মকর্তা-কর্মচারীগণ তাদের যে কোন আইডিয়া লিখে এই বক্সে ফেলতে পারেন। কর্তৃপক্ষ নির্দিষ্ট সময় পরপর এসব আইডিয়া বক্স থেকে সংগ্রহপূর্বক যাচাই-বাছাই করে 'ইনোভেশন কমিটি'র সভায় উপস্থাপন করে থাকে।